

# ৫ নং বোয়ালমারী ইউনিয়ন পরিষদ

অফিসঃ রামনগর ডাকঃ ওয়াহিদাবাদ উপজেলাঃ বোয়ালমারী জেলাঃ ফরিদপুর

স্মারক নং-বোয়াল ইউপি/বোয়াল/ফরিদ-২৩(২৯)

আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ আঃ হক শেখ

চেয়ারম্যান, ৫ নং বোয়ালমারী ইউনিয়ন পরিষদ।

সভার তারিখঃ ১৩/০৭/২০২৩ খ্রিঃ, রোজঃ বৃহস্পতিবার।

সভার স্থানঃ বোয়ালমারী ইউনিয়ন পরিষদ কার্যালয়। বিকালঃ ৩ টা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা নিম্নরূপঃ

ক্রঃ নং	কমিটির সদস্যগণের নাম	পরিচয়	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ আঃ হক শেখ	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
০২	জনাব জাহাঙ্গীর হোসেন	অবসর প্রাপ্ত কর্মকর্তা	সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব মোঃ আবুল বাশার মোল্যা	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৪	মোসাঃ কনক বেগম	ইউপি সংরক্ষিত মহিলা সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৫	জনাব আব্দুর রব মোল্যা	আনসার ও ভিডিপি	সদস্য	স্বাক্ষরিত
০৬	জনাব মোঃ সিরাজ মিয়া	ইউপি দফাদার	সদস্য	স্বাক্ষরিত
০৭	জনাব তরুন সরকার	ইউপি সচিব	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য সূচিঃ ইউনিয়নের বর্তমান আইন শৃঙ্খলা পরিস্থিতি।

আজকের সভার শুরুতে সভার সভাপতি জনাব মোঃ আঃ হক শেখ সকলকে স্বাগত জানিয়ে আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কাজ আরম্ভ করেন। আজকের সভার সঞ্চালনা করেন ইউপি সচিব জনাব তরুন সরকার। সভায় সবাই যার যার পরিচয় দেন। সভাপতি স্বাগত বক্তব্য দেন এবং সবাইকে জানান যে, ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৪৫ নং ধারা অনুযায়ী ইউনিয়ন পরিষদের সভার সিদ্ধান্ত অনুযায়ী আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি গঠন করেন। তিনি আরো বলেন প্রতিমাসে একটা সভা করতে হবে এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি যাতে বিনষ্ট না হয় সে বিষয়ে সদা তৎপর থাকতে হবে। তিনি আরো বলেন কোথায় আইনের লঙ্ঘন ঘটলে তাকে যেন জানানো হয়। সভায় কনক বেগম বলেন মাদকের ব্যবহার ভয়াবহ ভাবে বৃদ্ধি পেয়েছে ও জুয়ার ব্যাপারেও তিনি কথা বলেন। সভায় আলোচ্য ঘটনা গুলোর সত্যতা যাচাই ও তথ্য নেয়ার জন্য তিনি দফাদারকে নির্দেশ দেন। এছাড়াও তাদেরকে মাদকের ব্যাপারে আরো সজাগ থাকতে বলেন।

সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মোঃ আবুল বাশার মোল্যা তিনি বলেন গ্রামে এখন চুরির ঘটনা ঘটছে অহরহ। সভাপতি গ্রাম পুলিশদেও পাহারা ও সতর্ক অবস্থানে থাকার নির্দেশ দেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভা সমাপ্ত ঘোষণা করেন।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১. উপজেলা নির্বাহী অফিসার বোয়ালমারী, ফরিদপুর।

২. অফিস কপি।

(মোঃ আঃ হক শেখ)

চেয়ারম্যান ও সভাপতি

আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক কমিটি

তরফন সরকার

ইউপি সচিব ও সদস্য সচিব

আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক কমিটি